

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮০.১৫- ৩৬

তারিখঃ ০২ মাঘ ১৪২৬
১৬ জানুয়ারি ২০২০

- বিষয়ঃ রিট পিটিশন নং-১৬২৫/২০১৫ মামলার ০২.০৮.১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতের বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্য TMED কে অবহিতকরণ।
- সূত্র: (১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.৩৪৩-১৩২৩ তারিখ: ২০.০৩.২০১৯ খ্রি।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮০.১৫-২৫০ তারিখ: ০৯.০৫.২০১৯ খ্রি।
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮০.১৫- ৫৬১ তারিখ: ০৩.১১.২০১৯ খ্রি।
(৪) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.৩৪৩-১৬৯৭ তারিখ: ১৩.১১.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার রাণীনগর উপজেলাধীন শের-ই-বাংলা (ডিগ্রী) মহাবিদ্যালয়টি শিক্ষা মন্ত্রণালয়ের ০৬.৫.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে এমপিও তালিকায় নির্বাচিত হয়।

০২। অতঃপর শিক্ষা মন্ত্রণালয়ের ৩১.০৫.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারক দ্বারা এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়। এর প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানের সার্চিবিক বিদ্যা ও ব্যবসায় ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক জনাব মোঃ আনসার আলী গং (০৭ জন) কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৬২৫/২০১৫ দায়ের করা হয়।

০৩। রিট পিটিশন নং-১৬২৫/২০১৫ মামলায় গত ০২.০৮.১৮ খ্রি. তারিখে ঘোষিত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরসহ রায় স্থগিতের জন্য সূত্র (২) ও (৩) মূলে অনুরোধ করা হলে DTE কর্তৃক সূত্র (৪) মূলে বর্ণিত রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতের বিষয়ে সরকার পক্ষের জবাব প্রস্তুতপূর্বক রায়ের সার্টিফাইড কপি বিজ্ঞ সলিসিটর বরাবর প্রেরণ করা হয়।

০৪। বিজ্ঞ সলিসিটর উইং কর্তৃক গত ১১.০৯.১৯ খ্রি. তারিখে বর্ণিত রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরের জন্য বিজ্ঞ আইনজীবী জনাব হেলাল আমিনকে এডভোকেট-অন-রেকর্ড (AOR) হিসেবে মনোনয়ন প্রদান করা হয়।

০৫। বিজ্ঞ AOR জনাব হেলাল আমিন কর্তৃক বর্ণিত রিট মামলার রায়ের বিরুদ্ধে আজোবধি আপীল দায়ের করা হয়েছে কিনা সে বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি।

০৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৬২৫/২০১৫ মামলায় গত ০২.০৮.২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন ফর লীড টু আপীল (CPLA) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত (প্রমাণকসহ) তথ্যাদি আগামী ৩০.০১.২০২০ তারিখের মধ্যে TMED তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো.আ. খালেদ মিত্রা) ১৫/০২/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।